

## নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০০০

২০০০ সনের ১৩ নং আইন

[২১ জুন, ২০০০]

২০০০ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে আরও কিছু অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন।

যেহেতু ২০০০ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে আরও কিছু অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১। এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০০০ নামে অভিহিত হইবে।

২। এই আইনের সহিত সংযুক্ত তফসিলের কলাম ২-এ বর্ণিত কার্যাদি নির্বাহের উদ্দেশ্যে ২০০০ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসর চলাকালীন সময়ে যে কতিপয় ব্যয় সেই বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে তাহা নির্বাহের জন্য তফসিলের কলাম ৫-এ বর্ণিত অর্থের অনধিক অর্থ, সর্বসাকুল্যে চার হাজার চারশত ঊননব্বই কোটি আটষট্টি লক্ষ নয় হাজার টাকা মাত্র, সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও প্রযোজ্য হইবে।

১৯৯৯-২০০০ অর্থ  
বৎসরের জন্য সংযুক্ত  
তহবিল হইতে  
৪৪৮৯,৬৮,০৯,০০০  
টাকা প্রদান

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান ও প্রয়োগ করিবার জন্য অনুমোদিত অর্থসমূহ ২০০০ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসর সম্পর্কে তফসিলে বর্ণিত কার্যাদি ও উদ্দেশ্যসমূহের জন্য নির্দিষ্ট করা হইল।

নির্দিষ্টকরণ